46. ২০১৪ খ্রীষ্টাব্দের ১লা এপ্রিল মঙ্গলবার হলে ২০১৫ খ্রীষ্টাব্দের ১লা এপ্রিল হবে

a) বুধবার b) শুক্রবার c) শনিবার d) সোমবার

47. দুটি অযুগ্ম সংখ্যার অন্তরফল সর্বদা হবে একটি

a) মৌলিক সংখ্যা b) ভগ্নাংশ c) যুগ্ম সংখ্যা d) অযুগ্ম সংখ্যা

48. $\frac{৫}{৮}$ ভগ্নাংশটির লব ও হরের যোগফল হল

a) ৩ b) ১৩ c) ৪০ d) $১\frac{৩}{৫}$

49. ৫ ঘন্টা ৩০ মিনিট ১৩ সেকেন্ডকে সেকেন্ডে প্রকাশ করলে হবে

a) ১৯৮১৩ সেকেন্ড b) ১৯৭২০ সেকেন্ড c) ১৯৮০০ সেকেন্ড

d) ১৯৮২ সেকেন্ড

50. একটি ভাগ অঙ্কে ভাগফল ভাগশেষের চেয়ে ৩ বেশি। আবার ভাজক ভাগফলের ২ গুণ। যদি ভাগশেষ ৫ হয় তবে ভাজ্য হবে

a) ১৩৩ b) ১৩১ c) ১৩৫ d) ১০০

51. দৈর্ঘ্যের মূল একক হল

a) গ্রাম b) কিলোগ্রাম c) কিলোমিটার d) মিটার

52. দুটি ক্রমিক সংখ্যার যোগফল ৭৫ হলে বৃহত্তর সংখ্যাটি হবে

a) ৩৬ b) ৩৭ c) ৩৮ d) ৩৫

53. লুডোর ছক্কার তলসংখ্যা হল

a) ৩ b) ৪ c) ৬ d) ৮

54. নীচের চারটির মধ্যে যেটির উপরিতল সমতল নয় সেটি হল

a) ফুটবল b) বই c) ঘরের মেঝে d) দেওয়াল

55. 'MAN' শব্দটিতে সরলরেখাংশের সংখ্যা হল

a) ১১ b) ১০ c) ৯ d) ৮

56. মার্বেলের জ্যামিতিক আকার হল

a) বৃত্ত b) ঘনক c) গোলক d) বর্গক্ষেত্র



57. পাশের চিত্রে ত্রিভুজের সংখ্যা হল



a) ৫ b) ৬ c) ৭ d) ৯

58. পাশের চিত্রটিকে বলে একটি



a) অর্ধবৃত্ত b) ত্রিভুজ c) আয়তক্ষেত্র

d) বর্গক্ষেত্র

59. ২৬০ থেকে ১৩ যত বেশি বার বিয়োগ করা যায় তা হল

a) ২০ b) ১৯ c) ২১ d) ২

60. ২ থেকে ৩০ পর্যন্ত পূর্ণ সংখ্যাগুলি পর পর লিখলে ১ লিখতে হবে

a) ১১ বার b) ১৩ বার c) ১২ বার d) ১৪ বার



Scanned with CamScanner

28. সবুজ বন বায়ুমণ্ডলে যা দেয় তা হ'ল

a) কার্বন ডাই-অক্সাইড b) আলো c) অক্সিজেন
d) a), b), এবং c) সবগুলি

29.

| স্তম্ভ-A | স্তম্ভ-B |
|---|---|
| 1. লেটুস | i) বীজ |
| 2. গাজর | ii) ফল |
| 3. মটর | iii) পাতা |
| 4. চেরি | iv) মূল |

উপরের স্তম্ভ-A এবং স্তম্ভ-B এর মধ্যে সঠিক মিল হোল

a) 1. – iii), 2. – iv), 3. – i), 4. – ii)
b) 1. – iv), 2. – i), 3. – ii), 4. – iii)
c) 1. – i), 2. – iii), 3. – iv), 4. – ii)
d) 1. – ii), 2. – iv), 3. – iii), 4. – i)

30. নিচে গাছের কোন অংশটি গাছের খাদ্য তৈরি করে?

a)  b)  c)  d) 

31. ২৯২৫৩ সংখ্যাটিতে ৯-এর স্থানীয় মান হল

a) ৯ b) ৯০ c) ৯০০ d) ৯০০০

32. নীচের যে সংখ্যাটি ৯৯ দ্বারা বিভাজ্য সেটি হল

a) ৯৯৯ b) ৯৯৯০ c) ৯৯৯৯ d) ৯৯৯৯৯

33. ৩-এর প্রথম পাঁচটি গুণিতকের গড় হল

a) ৩ b) ৯ c) ১২ d) ১৫

34. ১০০১÷১১ এর ১৩-এর মান হল

a) ৭ b) ৯১ c) ১৪৩ d) ১৬৯

35. ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও তিন অঙ্কের বৃহত্তম সংখ্যার পার্থক্য হল

a) ৯৯১০০ b) ৯৯০০১ c) ৯৮০০১ d) ৯০৮০১



36. ২৫ টাকা ও ৫ পয়সার যোগফল হল

a) ২৫.৫ টাকা b) ২৫.৫ পয়সা c) ২৫ টাকা ৫০ পয়সা d) ২৫.০৫ টাকা

37. একটি বস্তুর ৬টি তল, ১২টি ধার ও ৮টি শীর্ষ বিন্দু আছে। কিন্তু এটির কেবল বিপরীত তলগুলি পরস্পর সমান। বস্তুটিকে বলা হয়

a) চোঙ b) ঘনক c) শঙ্কু d) আয়তঘন

38. দুই অঙ্কের বৃহত্তম মৌলিক সংখ্যাটি হল

a) ৯৯ b) ৯৭ c) ৯৩ d) ৮৯

39. ক্ষুদ্রতম স্বাভাবিক সংখ্যাটি হল

a) ৩ b) ২ c) ১ d) ০

40. দুটি সংখ্যার গুণফল ৪৪০৮৮; যদি তাদের মধ্যে একটি ১১ হয়, তাহলে অন্যটি হবে

a) ৪৮ b) ৪০৮৮ c) ৪০৮ d) ৪০০৮

41. একটি ডিমের ওজন ৫৫ গ্রাম হলে ২ ডজন ডিমের ওজন হবে

a) ১.১ কিগ্রা b) ১.৩২ কিগ্রা c) ১.৩ কিগ্রা d) ১.০১ কিগ্রা

42. ৪ ঘন্টা ২০ মিনিট + ২ ঘন্টা ২৬ মিনিট + ৩ ঘন্টা ১৮ মিনিট =

a) ১০ ঘন্টা ৪ মিনিট b) ৯ ঘন্টা ৫৪ মিনিট c) ১০ ঘন্টা ৬৪ মিনিট
d) ৯ ঘন্টা ৪৪ মিনিট

43. ৪, ০, ৮, ৩, ৬ অঙ্কগুলির প্রতিটি একবার মাত্র ব্যবহার করে গঠিত পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি হল

a) ০৩৪৬৮ b) ৮৬৪৩০ c) ৩০৪৬৮ d) ৪০৩৬৮

44. অধিবর্ষের (ইংরাজী লিপ্‌ইয়ার বছরের) প্রথম চার মাসের মোট দিনসংখ্যা হল

a) ১১৯ b) ১২০ c) ১২২ d) ১২১

45. তুমি সকাল ৬টা ৪৫ মিনিটে স্কুলে পৌঁছালে। ছুটির পর তুমি সকাল ১১টা ৩৫ মিনিটে স্কুল থেকে বেরোলে। তুমি স্কুলে ছিলে

a) ৪ ঘন্টা ৫০ মিনিট b) ৪ ঘন্টা ৪০ মিনিট c) ৩ ঘন্টা ৫০ মিনিট
d) ৩ ঘন্টা ৪০ মিনিট



পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

6. রাতের আকাশে কখনও একদিক থেকে অন্যদিকে একটা আবছা আলোর আভা দেখা যায়, সেগুলি ছোট-বড় তারার সমষ্টি। তার নাম হ'ল

a) সুপারনোভা b) রামধনু c) সপ্তারপথ d) ছায়াপথ

7. বৃষ্টির জল ছাদে ধরে রাখলে তা দিয়ে করা যায়

a) চাষ b) স্নান c) পান d) রান্না

8. একটি প্রাকৃতিক সম্পদ হ'ল

a) যেগুলি প্রকৃতির সৃষ্টি b) আমরা যে গাছগুলি রোপন করি
c) চাষীরা যে ধান বীজ বপন করে d) পুকুর কেটে জলকে ধরে রাখা

9. রাস্তা পারাপার করার নির্দিষ্ট পথটি হ'ল

a) লেভেল ক্রসিং b) জেব্রা ক্রসিং c) বাম্পার d) ফুটপাথ

10. দই, রসগোল্লা ও আইসক্রীম — এদের মূল উপাদানটি হ'ল

a) ছানা b) সুজি c) দুধ d) বেকিং পাউডার

11. রামধনুর রংগুলির মধ্যে হলুদ ও লালের মধ্যবর্তী রং কোন্‌টি?

a) নীল b) বেগুনী c) সবুজ d) কমলা

12. সকাল ৭টায় সূর্য পূর্বদিকে থাকে। তোমার ছায়া কোন্ দিকে পড়বে?

a) দক্ষিণ b) উত্তর c) পশ্চিম d) পূর্ব

13. অর্জুন ১০ মাসের শিশু, তার দাঁত নেই। নীচে কোন খাদ্যটি সে খেতে পারবে?

a) রুটি b) বাদাম c) আখ d) পাকা কলার লেই

14. নিচের কোন্ ফলটায় জলের ভাগ বেশি?

a) কলা b) ডাব c) আম d) পেয়ারা

15. নিচের কোন্ কাজটিতে শরীরের সব অঙ্গের ব্যায়াম হয়?

a) সাঁতার কাটা b) রান্না করা c) কাপড় কাচা d) লুডো খেলা

16. নিচের যে প্রাণীটি হুবহু নিজের মত বাচ্চা দেয়, সেটি হোল

a) মাকড়সা b) প্রজাপতি c) মাছ d) খরগোস



17. যেখানে আকাশ ও ভূ-পৃষ্ঠ মিশে যায়, তাকে বলে

a) চলরেখা b) দিগন্তরেখা c) সীমারেখা d) বক্ররেখা

18. ক্যাশমিলন হ'ল

a) কৃত্রিম উল b) ভেড়ার লোম c) রেশম সুতো d) ছাগলের লোম

19. আকাশে চাঁদ থাকে না

a) কৃষ্ণ একাদশীতে b) পূর্ণিমায় c) অমাবস্যায় d) শুক্লা চতুর্থীতে

20. নিচের কোনটি থেকে নিজেদের রক্ষা করতে খেতে যাওয়ার আগে হাত ধুতে হয়?

a) গরম b) জলীয়বাষ্প c) জীবাণু d) ঠাণ্ডা

21. নিম্নলিখিতগুলির মধ্যে কে শ্বাস নিতে পারে?

a) সূর্য b) চন্দ্র c) উদ্ভিদ d) বই

22. আমাদের শক্তির উৎস হ'ল

a) বায়ু b) সূর্য c) চন্দ্র d) তারা

23. আমি একটি গাছ। আমার পাতা সব্জী হিসেবে ব্যবহৃত হয় এবং আমার বীজ থেকে তেল পাওয়া যায়। আমি কোন্ গাছ?

a) স্পিনাচ্ b) সর্ষে c) ব্রকলী d) কুমড়ো

24. নিচের কোন কথাটি সত্য বলে মনে কর?

a) 'জাঙ্ক ফুড' স্বাস্থ্যের পক্ষে ভাল।
b) খেলাধূলা ও ব্যায়াম স্বাস্থ্যের পক্ষে ভাল নয়।
c) নানান রকম সব্জি খাওয়া ভাল নয়।
d) সময় মত খাওয়া, ব্যায়াম করা, পড়াশুনা করা ও ঘুমোনো-ই সুস্থতার লক্ষণ।

25. যে ঋতুতে গাছের পাতা ঝরে পড়ে সেটি হ'ল

a) বর্ষা b) শরৎ c) শীত d) বসন্ত

26. যদি পৃথিবীতে সবুজ গাছ না থাকে তাহলে কোন জীব মারা যেতে পারে?

a) ছাগল b) মানুষ c) a), b), এবং d) সবগুলি d) পাখি

27. 'তেঁতুল যে টক' তুমি কোন্ অঙ্গ দিয়ে বুঝবে?

a) নাক b) কান c) ত্বক d) জিহ্বা



পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

# All India Science Teachers' Association, West Bengal.
## SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST-2019.

Time : 1 hr. 45 min.

Full Marks : 60

### তৃতীয় শ্রেণি

**নির্দেশাবলী :** 1) উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। 2) প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ○ ○ ⊗ ○; এখানে সঠিক উত্তর c)। 3) প্রতি ঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। 4) প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। 5) প্রয়োজনবোধে রাফ্ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারো। 6) কোন প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।

1. 'ফুলকপি' হ'ল

   a) ফুল b) কাণ্ড c) কুঁড়ি d) বীজ

2. 'মোচা' খেলে কি উপকার হয়?

   a) খাদ্য হজমে সাহায্য করে b) রক্তাল্পতায় বাধা দেয়
   c) নানান রোগ ভাল করে d) চামড়া ভাল রাখে

3. নীচের কোন্‌টি কাঁচা থাকলে রান্নার আনাজ, পেকে গেলে ফল হিসাবে খাওয়া হয়?

   a) বেগুন b) খেজুর c) আপেল d) কলা

4. ডাক্তারবাবুরা হাসপাতালে যে পোশাক পরেন তার নাম হ'ল

   a) জার্সি b) ইউনিফর্ম c) জ্যাকেট d) অ্যাপ্রন

5. রাতের আকাশের রং কেমন দেখ?

   a) গাঢ় নীল b) আকাশী নীল c) কালো d) ধূসর

পরের পৃষ্ঠা

Scanned with CamScanner